# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 14.06.2024 Time: 7.35 A.M.**

## বিশেষ বিশেষ খবর –

১) পশ্চিমবঙ্গের চারটি সহ সাতটি রাজ্যের ১৩-টি বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচনের জন্য আজ বিজ্ঞপ্তি জারির সঙ্গে সঙ্গে শুরু হবে মনোনয়ন দাখিলের কাজ।

২) অনুমতি থাকা সত্ত্বেও বিরোধী দলনেতা এবং ভোট পরবর্তী হিংসার কারণে ঘরছাড়া বিজেপি কর্মীদের কেন রাজভবনে ঢুকতে দেওয়া হল না তা নিয়ে রাজ্যের কাছে রিপোর্ট তলব করেছেন রাজ্যপাল সিভি আনন্দ বোস।

৩) কুয়েতের মানগাফে শ্রমিক আবাসনে বিধ্বংসী অগ্নিকান্ডের ঘটনায় মৃত ৪৫ জন ভারতীয়-র মধ্যে একজন এরাজ্যের বাসিন্দা। আজ তাঁর দেহ নিয়ে আসা হচ্ছে।

৪) বারাসাতের কাজী পাড়ায় নিখোঁজ শিশুর পচাগলা দেহ উদ্ধারকে ঘিরে গতকাল তীব্র উত্তেজনা ছড়ায়।

৫) সক্রিয় মৌসুমী বায়ুর প্রভাবে একটানা প্রবল বৃষ্টিতে বিপর্যস্ত উত্তরবঙ্গের হিমালয় সন্নিহিত কয়েকটি জেলা। আজও ভারী বৃষ্টির লাল সতর্কতা জারি করেছে আবহাওয়া দফতর।

ooooooooooooooooooooooooo

পশ্চিমবঙ্গের চারটি সহ সাতটি রাজ্যের ১৩ টি বিধানসভা কেন্দ্রে উপনির্বাচনের জন্য আজ বিজ্ঞপ্তি জারি হবে। সেই সঙ্গেই শুরু হবে মনোনয়ন দাখিলের কাজ। ভোট নেওয়া হবে ১০ই জুলাই। এ রাজ্যের চারটি আসন হলো নদিয়ার রানাঘাট দক্ষিণ, উত্তর ২৪ পরগনার বাগদা, কলকাতার মানিকতলা এবং উত্তর দিনাজপুরের রায়গঞ্জ।২১ শে জুন পর্যন্ত মনোনয়ন জমা দেওয়া যাবে। সেগুলি পরীক্ষা করা হবে ২৪ তারিখ। নাম প্রত্যাহারের শেষ দিন ২৬ শে জুন। ১৩ ই জুলাই হবে ভোটগণনা। লোকসভা ভোটে প্রার্থী হবার জন্য তিন বিধায়কের ইস্তফা এবং এক বিধায়কের প্রয়াণে এই আসনগুলি শূন্য হয়।

এই চার কেন্দ্রের জন্য এখনও পর্যন্ত ৫৫ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করার সিদ্ধান্ত নিয়েছে নির্বাচন কমিশন। সবচেয়ে বেশি বাহিনী মোতায়েন করা হচ্ছে বাগদা কেন্দ্রে। নির্বাচন কমিশন সূত্রে খবর, সেখানে থাকবে ১৬ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী। রায়গঞ্জ ও মানিকতলা কেন্দ্রে থাকবে ১২ কোম্পানি করে। এছাড়া রানাঘাটে ১৫ কোম্পানি বাহিনী মোতায়েন করেছে কমিশন।

oooooooooooooooooooooooo

সাত দফায় দীর্ঘ সময় ধরে লোকসভা নির্বাচন চলায়, শিল্প সংস্থাগুলির জন্য রাজ্য সরকারের স্থগিত থাকা বিভিন্ন ইনসেনটিভ প্রকল্প আবার পুরোদমে চালু করতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি নির্দেশ দিয়েছেন। নবান্নে গতকাল রাজ্য শিল্প উন্নয়ন নিগম সহ বিভিন্ন দপ্তর, বণিক সভা ও শিল্প সমাজের প্রতিনিধিদের সঙ্গে বৈঠকে তিনি এই নির্দেশ দেন বলে প্রশাসনিক সূত্রে খবর।

বিশ্ব বঙ্গ বাণিজ্য সম্মেলনের প্রস্তুতি নিয়েও বৈঠকে আলোচনা হয়। নির্বাচনের কারণে সম্মেলনের প্রস্তুতি ব্যাহত হয়েছে। তাই চলতি বছরে আর বাণিজ্য সম্মেলনের আয়োজন না করার পরিকল্পনা নেওয়া হয়েছে বলে জানা গেছে। বদলে সেপ্টেম্বর মাসে দেশের বিভিন্ন রাজ্যের পাশাপাশি ভিন দেশে রাজ্যের বিনিয়োগ সম্ভাবনা তুলে ধরে প্রচার চালানো হবে। গত কয়েকবারের মতোই এবারও ক্ষুদ্র ও মাঝারি শিল্পকে প্রচারে বিশেষ গুরুত্ব দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। গত বছর বিশ্ব বঙ্গ বানিজ্য সম্মেলনে

যে সব সংস্থার সঙ্গে চুক্তি হয়েছিল তাদের কাজের অগ্রগতি নিয়ে প্রাক্তন অর্থমন্ত্রী অমিত মিত্র কে রিপোর্ট তৈরি করতে বলা হয়েছে। মুখ্যমন্ত্রী বলেছেন, বাংলার হস্তশিল্প দুবাই সহ বিদেশের বাজারে ছড়িয়ে দিতে হবে। অনলাইন প্রচার ও বিক্রির ওপর জোর দেওয়া হয়েছে।

oooooooooooooooooooooooo

অনুমতি থাকা সত্ত্বেও বিরোধী দলনেতা এবং ভোট পরবর্তী হিংসার কারণে ঘরছাড়া বিজেপি কর্মীদের কেন রাজভবনে ঢুকতে দেওয়া হল না তা নিয়ে রাজ্যের মুখ্যসচিব এবং স্বরাষ্ট্রসচিবের কাছে রিপোর্ট তলব করেছেন রাজ্যপাল সিভি আনন্দ বোস। এই ঘটনায় রাজভবনের তরফে দশ পাতার বিবৃতি দেওয়া হয়েছে । তাতে গতকালের ঘটনার তীব্র নিন্দা করে ৪৮ ঘন্টার মধ্যে ঐ রিপোর্ট জমা দিতে বলা হয়েছে। বিবৃতিতে স্পষ্ট জানানো হয়েছে পুলিশের এ ধরনের আচরণ, সংবিধান এবং আইনের পরিপন্থী। রাজভবনের বিবৃতিতে আরও বলা হয়েছে,রাজ্যের বিভিন্ন প্রান্তে হিংসার কবলে পড়া সাধারণ মানুষ রাজ্যপালের সঙ্গে দেখা করতে চেয়েছিলেন। তাঁদের আবেদনে সাড়া দিয়ে দেখা করার অনুমতি দেন রাজ্যপাল। তাঁদের মধ্যে মহিলা এবং শিশুও ছিল। কিন্তু তারপরেও রাজভবনের বাইরে তাঁদের আটকে দিয়ে নির্লজ্জ ভাবে সাধারণ মানুষের অধিকার লঙ্ঘন করেছে পুলিশ। তাদের এই আচরণ রাজ্যপালের সাংবিধানিক ক্ষমতাকে লঙ্ঘন করেছে। রাজ্যপালের সঙ্গে দেখা করার অনুমতিপ্রাপ্তদের যাতে রাজভবনে ঢুকতে দেওয়ার ব্যবস্থা করা হয় তা নিশ্চিত করতে রাজ্য সরকারকে নির্দেশ দেওয়া হয়েছে।

ooooooooooooooooooooooo

আগেই জানানো হয়েছে, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর গতকাল ভোট পরবর্তী হিংসায় আক্রান্তদের নিয়ে রাজ্যপালের কাছে ডেপুটেশন দিতে যাওয়ার কর্মসূচি থাকলেও পুলিশ রাজভবনের মূল প্রবেশ পথের বাইরে তাঁকে আটকে দেয়। পরে সাংবাদিকদের কাছে শ্রী অধিকারী অভিযোগ করেন, কেন্দ্রীয় বাহিনী থাকা সত্ত্বেও ভোট পরবর্তী হিংসায় বিজেপি কর্মীরা আক্রান্ত হচ্ছেন। আক্রান্তদের নিয়ে রাজ্যপালের কাছে

ডেপুটেশনের দিতে যাওয়ার জন্য তিনি অনুমোদন চেয়েছিলেন। রাজভবন থেকে বিরোধী দলনেতা সহ ২০০জন আক্রান্তকে প্রবেশের অনুমোদন দেওয়া হলেও কলকাতা পুলিশ বাইরেই তাদের আটকে দেয়। প্রায় এক ঘন্টা তাকে আটকে রাখা হয় বলে অভিযোগ। শুভেন্দু বলেন,এই প্রথম এভাবে বিরোধী দলনেতাকে রাজভবনে প্রবেশ করতে বাধা দেওয়া হয়েছে। যুদ্ধকালীন পরিস্থিতিতেও এইভাবে আটকানো হয়নি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পূর্ব মেদিনীপুরের খেজুরিতে দলীয় কর্মীদের উপরে বিজেপির আক্রমনের অভিযোগের প্রেক্ষিতে তৃনমূল কংগ্রেস সেখানে প্রতিনিধি দল পাঠানোর সিদ্ধান্ত নিয়েছে। দলের নেতা কুনাল ঘোষ এর নেতৃত্বে মন্ত্রীসভার দুই সদস্য বীরবাহা হাঁসদা এবং শিউলি সাহা আজ সেখানে যাবেন বলে দলীয় সূত্রে জানা গিয়েছে। এরপরে আক্রান্তদের সঙ্গে কথা বলে অত্যাচারের বিষয়টি নিয়ে তাদের সেখানে একটি জনসভা করার কথা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের গ্রামাঞ্চলের মানুষকে উন্নত পরিষেবা পৌঁছে দিতে দ্বিতীয় পর্যায়ের স্মার্ট পঞ্চায়েত  আওতায় কৃত্রিম বুদ্ধিমত্তা নিয়ন্ত্রিত নানা প্রকল্প হাতে নেওয়া হয়েছে। এরই অঙ্গ হিসেবে রাজ্যের পঞ্চায়েত দপ্তর একটি হোয়াটসঅ্যাপ চ্যাটবট চালু করা করেছে। এই চ্যাটবট থেকে পঞ্চায়েত এলাকার বাসিন্দারা নানা সরকারি পরিষেবা ঘরে বসেই পাবেন।  পঞ্চায়েত দপ্তরের কর্মীদের জন্যও একাধিক সুবিধা মিলবে বলে  দফতরের তরফে জানানো হয়েছে। ওই হোয়াটসঅ্যাপ চ্যাট বটের নাম্বার ৬২৯১-২৬৫-৮৫৪। বাড়ি তৈরির অনুমোদন সংক্রান্ত শংসাপত্র ট্রেড এনওসি বা বাণিজ্যিক বিষয়ে নো অবজেকশন সার্টিফিকেট পুনর্নবীকরণের অ্যালার্ট, পরিষেবা সংক্রান্ত অভিযোগ ও তার নিষ্পত্তির তথ্য, পঞ্চায়েত দপ্তরের অতিথিশালা বুক করা সহ একাধিক পরিষেবা এর মধ্যে রয়েছে।এছাড়াও রয়েছে বিভিন্ন গুরুত্বপূর্ণ মেসেজ, পে স্লিপ, বার্ষিক বেতন সংক্রান্ত তথ্য লাভের সুবিধা ইত্যাদি। স্মার্ট পঞ্চায়েতের নানা দিক নিয়ে আলোচনা করতে আজ ধন্যধান্য অডিটোরিয়ামে এক সম্মেলনের আয়োজন করা

হয়েছে। ] পঞ্চায়েত দফতরের আয়োজিত সম্মেলনে রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে আগত প্রতিনিধিদের সামনে স্মার্ট পঞ্চায়েতের গুরুত্ব তুলে ধরবেন দপ্তরের মন্ত্রী প্রদীপ মজুমদার সহ অন্যান্য শীর্ষ কর্তারা।

০০০০০০০০০০০০০০০০০০

গোর্খা লিগ সভাপতি মদন তামাং খুনের মামলায় গোর্খা জনমুক্তি মোর্চা নেতা বিমল গুরুংকে অন্তর্ভুক্ত করার নির্দেশ দিল কলকাতা হাইকোর্ট। এই খুনে সিবিআই তদন্তের মামলায় গুরুংকে যুক্ত করার জন্য নির্দেশ দিয়েছেন বিচারপতি শুভেন্দু সামন্ত। গুরুংয়ের বিরুদ্ধেও চার্জ গঠনের আইনি প্রক্রিয়া শুরু করতে হবে। ২০১৭ সালের নগর দায়রা আদালতের নির্দেশ বাতিল করেছে হাইকোর্ট।

২০১০ সালের মে মাসে দার্জিলিঙে সভা করতে গিয়ে সকালে রাস্তার উপরে খুন হয়ে যান মদন তামাং। এই খুনে অন্যতম প্রধান অভিযুক্ত হিসেবে নিকোল তামাংকে গ্রেফতার করা হয়। কিন্তু পিনটেল ভিলেজে পুলিশি হেফাজত থেকে পালিয়ে যায় নিকোল। এরপর হত্যাকাণ্ডের তদন্তের ভার নেয় সিবিআই। তারা যে চার্জশিট পেশ করে, তাতে গুরুং, রোশন গিরি, আশা গুরুং, বিনয় তামাংয়ের মতো পাহাড়ের ৪৮ জন নেতার নাম ছিল। কিন্ত ২০১৭ সালের আগস্টে কলকাতার নগর দায়রা আদালত, গুরুংয়ের নাম চার্জশিট থেকে বাদ দেওয়ার নির্দেশ দেয়। সেই রায়ের বিরুদ্ধে কলকাতা হাই কোর্টে মামলা করেন নিহত নেতার স্ত্রী ভারতী তামাং।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কুয়েতের মানগাফে শ্রমিক আবাসনে বিধ্বংসী অগ্নিকান্ডের ঘটনায় মৃত ৪৫ জন ভারতীয়-র মধ্যে একজন এরাজ্যের বাসিন্দা। দারিকেশ পট্টনায়ক নামে ওই ইঞ্জিনিয়ারের বাড়ি পশ্চিম মেদিনীপুরের দাঁতন থানার খন্ডরুই গ্রামে। গত কয়েক বছর ধরে তারা শরৎপল্লীতে বসবাস করতেন। দারিকেশ বহু দিন কুয়েতে কর্মরত ছিলেন। ওই আবাসনে থাকতেন তিনি। আজ দিল্লির পালাম বিমান বন্দরে তাঁর দেহ পৌঁছলে, সেখান থেকে রাজ্য সরকারের সহায়তায় পরিবারের হাতে তা তুলে দেওয়া হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পঞ্চম শ্রেণীর এক শিশুর পচাগলা দেহ উদ্ধারের ঘটনায় উত্তর ২৪ পরগনার বারাসাতের কাজী পাড়ায় গতকাল তীব্র উত্তেজনা ছড়ায়। আমাদের জেলা সংবাদদাতা জানিয়েছেন, ফরদিন নবি নামে ১১ বছরের ছেলেটি গত রবিবার বিকেলে দোকানে যায়। রাত পর্যন্ত বাড়ি না ফেরায় শুরু হয় খোঁজাখুজি। পরিবারের লোকজন বারাসাত থানা ও রেল পুলিশে নিখোঁজ ডায়রি করেন। স্নিফার ডগ এনে তল্লাশি চালানো হলেও তার সন্ধান মেলেনি। গতকাল বিকেলে ফরদিনের পাশে বাড়ির শৌচালয় থেকে তার পচাগলা দেহ ঝুলন্ত অবস্থায় মেলে। এরপরই ক্ষোভে ফেটে পড়েন বাসিন্দারা। গোটা ঘটনায় পুলিশী নিষ্ক্রিয়তার অভিযোগ তুলে মানুষ সরব হন। ঢুকতে বাধা দেওয়া হয় পুলিশকে। ছোঁড়া হয় ইটপাটকেল। চলে তীব্র বচসা। প্রতিবাদে বেশকিছুক্ষণের জন্য বাসন্তী হাইওয়ে অবরোধ করে রাখা হয়। স্থানীয় বাসিন্দাদের দাবি শিশুটির চোখ ও কিডনি মেলেনি। যে বাড়ি থেকে ফরদিনের দেহ উদ্ধার হয়েছে তারা কিডনি পাচার চক্রের সঙ্গে জড়িত বলে অভিযোগ। রাফ নামিয়ে এবং লাঠি চার্জ করে পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। তবে, শেষ খবর পাওয়া পর্যন্ত কেউ গ্রেফতার হয়নি।

oooooooooooooooooooooo

দক্ষিণেশ্বরে মে দিবস পল্লী এলাকায় বাড়ি থেকে এক ফল ব্যবসায়ীর দেহ উদ্ধারকে ঘিরে চাঞ্চল্য ছড়িয়েছে। অপূর্ব ঘোষ নামে বছর ২৬-এর ওই যুবক রোজই বাবা-মায়ের সঙ্গে ফলের দোকানে বসেন। বুধবার তিনি আগেই বাড়ি চলে যান। গভীর রাতে মা-বাবা ফিরলে ছেলেকে রক্তাক্ত অবস্থায় পড়ে থাকতে দেখেন। সিসিটিভি ফুটেজে দুই বন্ধুকে বাড়িতে আসতে দেখা যায়। তবে, তারাই অপূর্বকে হত্যা করেছে কিনা, তা স্পষ্ট নয়। পুলিশ তদন্ত শুরু করেছে। নমুনা সংগ্রহ করেছেন পুলিশের বিশেষজ্ঞ দল।

oooooooooooooooooooooo

এক কিশোরীর মৃত্যুকে কেন্দ্র করে পশ্চিম বর্ধমানের দুর্গাপুর মহকুমা হাসপাতালে গত সন্ধ্যায় ধুন্ধুমার বাধে। জানা গেছে, বছর ১৫-র নিশা কুন্ডু বুকে ও পেটে ব্যাথা নিয়ে সকালে হাসপাতালে ভর্তি হয়। বিকেলে চিকিৎসকরা তার মৃত্যুর খবর জানালে আত্মীয় পরিজনদের মধ্যে উত্তেজনা ছড়িয়ে পড়ে। চিকিৎসায় গাফিলতির অভিযোগ তুলে চলে তুমুল বিক্ষোভ, ভাঙচুর। দোষীদের শাস্তির দাবি জানান তাঁরা।

পরিস্থিতি সামাল দিতে নামানো হয় কমব্যাট ফোর্স। হাসপাতালের সুপার ধিমান মন্ডল জানিয়েছেন, মৃত্যুর কারণ খতিয়ে দেখতে চিকিৎসক দল গঠন করা হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

সক্রিয় মৌসুমী বায়ুর প্রভাবে একটানা প্রবল বৃষ্টিতে বিপর্যস্ত উত্তরবঙ্গে হিমালয় সন্নিহিত কয়েকটি জেলা। সিকিম পাহাড়ে ভারী বৃষ্টির জেরে তিস্তার জল ফুলেফেঁপে উঠছে। তিস্তা ও গজলডোবা ব্যারেজ থেকে ছাড়া হচ্ছে জল। ফলে তিস্তা, জলঢাকা, সংকোষ এবং তোর্সাতে জল বেড়েছে। এজন্য নদী সংলগ্ন কয়েকটি এলাকার বাসিন্দাদের উঁচু জায়গায় সরে যেতে বলা হয়েছে। জলপাইগুড়ি জেলার চারটি ব্লককে সতর্ক করেছে প্রশাসন। ইতিমধ্যেই গ্রামে গ্রামে চলছে মাইকিং। মূলত বারপাটিয়া, পাতকাটা, জলপাইগুড়ি সদর, বার্নিস এবং নন্দনপুর গোয়ালমারি গ্রামপঞ্চায়েত বিপর্যস্ত।

পাহাড়ি নদীতে জল বাড়ায় সমতলের নদীগুলিতেও জলস্তর বেড়েছে। ডুয়ার্সের নাগরাকাটা ব্লকে সুখানি নদীর জল, মনমোহনধুরা যাওয়ার পথে সেতুর ওপর দিয়ে বইছে। ফলে বিচ্ছিন্ন হয়ে গেছে ওই গ্রাম।

অন্যদিকে, উত্তর সিকিমের লাচুং ও লাচেনও বিপর্যস্ত। ইতিমধ্যে ৬ জনের মৃত্যুর খবর পাওয়া গেছে। পর্যটনস্থল হিসেবে বিখ্যাত লাচুং ও লাচেন-এ আটকে পড়েছেন হাজারখানের বেশি পর্যটক। বিপর্যস্ত ১০ নম্বর জাতীয় সড়ক। প্রশাসনের পক্ষ থেকে শিলিগুড়ি পৌঁছনোর জন্য বিকল্প পথের সন্ধান দেওয়া হয়েছে।

এদিকে, আজও আলিপুরদুয়ার, জলপাইগুড়ি এবং কালিম্পং-এ ভারী থেকে অতি ভারী বৃষ্টির লাল সতর্কতা জারি করা হয়েছে। ভারী বৃষ্টি চলবে আগামী সোমবার পর্যন্ত।

অন্যদিকে, দক্ষিণবঙ্গে এখনই বর্ষা প্রবেশের কোন পূর্বাভাষ নেই। আজও পশ্চিমের জেলাগুলিতে তাপপ্রবাহজনিত পরিস্থিতি বজায় থাকবে। অন্যান্য জেলায় ঘর্মাক্ত এবং অস্বস্তিকর আবহাওয়ায় নাকাল হবেন মানুষ। বিক্ষিপ্তভাবে ঝড়বৃষ্টি হলেও, তাতে গরম কমার সম্ভাবনা নেই।

০০০০০০০০০০০০০০০০০০০০০

বাংলাদেশে পবিত্র ঈদ-উল-আজহা পালন উপলক্ষে সেদেশের রেল কর্তৃপক্ষের অনুরোধে কলকাতা-ঢাকা ক্যান্টনমেন্ট- কলকাতা মৈত্রী এক্সপ্রেস এবং কলকাতা-খুলনা-

কলকাতা বন্ধন এক্সপ্রেস সাময়িক ভাবে বাতিল করা হয়েছে। পূর্ব রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক কৌশিক মিত্র জানিয়েছেন, 14 থেকে 22 শে জুন পর্যন্ত বাতিল থাকছে মৈত্রী এক্সপ্রেসের যাত্রা। বন্ধন এক্সপ্রেসের যাত্রা বাতিল থাকবে 16 এবং বিশে জুন।

oooooooooooooooooooo